গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০১৩.২৩-২২

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ / ১২ মে ২০২৬

বিষয়: বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারা অনুযায়ী বাংলাদেশ এগ্রো প্রোডাক্ট প্রডিউসার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন এর অনুকূলে লাইসেন্স ইস্যু প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারা অনুযায়ী "বাংলাদেশ এগ্রো প্রোডাক্ট প্রডিউসার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন" এর নামে ১২ মে ২০২৬ তারিখে ০৪/২০২৬ নম্বর লাইসেন্স মঞ্জুর করা হয়েছে। লাইসেন্সে বর্ণিত শর্তাবলী প্রতিপালন আবশ্যিক। লাইসেন্সটির কপি নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) ফর্দ।

১২/০৫/২৬

(আশরাফুল ছিদ্দিক)
সিনিয়র সহকারী সচিব (অঃদাঃ)
বাণিজ্য সংগঠন-২ শাখা
ফোন-৯৫৪০৫৩০
ই-মেইল:to2@mincom.gov.bd

আহ্বায়ক
বাংলাদেশ এগ্রো প্রোডাক্ট প্রডিউসার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন
পান্থ প্লাজা, লেভেল-৭
৬৩/৭, পান্থপথ, ঢাকা-১২০৬

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০১৩.২৩-২২

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ / ১২ মে ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১, কারওয়ান বাজার, ঢাকা
০২। প্রশাসক, এফবিসিসিআই, ৬০, মতিঝিল, বা/এ, ঢাকা
০৩। জেলা প্রশাসক, ঢাকা
০৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৫। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগিতর জন্য)
০৬। সিস্টেম এনালিস্ট, আইটি শাখা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উক্ত লাইসেন্স এর কপি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৭। ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, বাণিজ্য সংগঠন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগিতর জন্য)

১২/০৫/২৬

(আশরাফুল ছিদ্দিক)
সিনিয়র সহকারী সচিব (অঃদাঃ)

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

লাইসেন্স নং-০৪/২০২৬

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩ / ১২ মে ২০২৬

বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারা অনুযায়ী প্রদত্ত লাইসেন্স

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয়েছে যে, কতিপয় ব্যক্তিবর্গ " **বাংলাদেশ এগ্রো প্রোডাক্ট প্রডিউসার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন**" এর নামে সংগঠন প্রতিষ্ঠা করে একটি সাধারণ উদ্দেশ্য সাধনে এবং সংগঠনের অন্তর্ভুক্ত ব্যক্তি বা ব্যক্তি শ্রেণির প্রতিনিধিত্ব করার উদ্দেশ্যে একত্র হতে যাচ্ছে;

সেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারা অনুসারে সরকার 'বাংলাদেশ এগ্রো প্রোডাক্ট প্রডিউসার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন' সংগঠনটিকে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে লাইসেন্স প্রদান করলো:

(ক) বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারার অধীন প্রয়োজনীয় সকল শর্তাদি পূরণপূর্বক লাইসেন্স প্রদানের তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে সংগঠনটিকে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে সীমাবদ্ধ দায়সহ এর নামের সঙ্গে "লিমিটেড" শব্দ ব্যবহার না করে নিবন্ধিকরণ করতে হবে;

(খ) সরকার কর্তৃক সংগঠনটির অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধিতে সরকার প্রয়োজনে পরবর্তীতে যে কোন সংশোধন/পরিবর্তন আনয়নের ক্ষমতা সংরক্ষণ করে এবং সরকার কর্তৃক অনুরূপ কোন নির্দেশনা প্রদান করা হলে সংগঠনটি এর সংঘস্মারক ও সংঘবিধিতে প্রয়োজনীয় সংশোধন করতে বাধ্য থাকবে;

(গ) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধনের পর নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক সত্যায়িত দু'টি ছাপানো সংঘস্মারক ও সংঘবিধির কপি এবং নিবন্ধন প্রত্যয়নপত্রের দু'টি ফটোকপি মহাপরিচালক, বাণিজ্য সংগঠন-এর নিকট জমা দিতে হবে (অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির একটি কপি এসঙ্গে সংযুক্ত);

(ঘ) অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির কোন বিধান বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর কোন বিধানের সঙ্গে সাংঘর্ষিক হলে আইনের বিধান প্রযোজ্য হবে এবং অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধিতে যে কোন অসঙ্গতি বা ত্রুটি সংশোধনপূর্বক নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর ও মন্ত্রণালয়ে উপস্থাপনপূর্বক পুনরায় অনুমোদন গ্রহণ করতে হবে;

(ঙ) সময় সময় সরকার কর্তৃক সংগঠন সংক্রান্ত আরোপিত শর্তাদি ও বিধি-বিধান অবশ্যই পালনীয় হবে এবং এ বিষয়ে সরকার কোন নির্দেশনা প্রদান করলে সংগঠনের সংঘস্মারক ও সংঘবিধিতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে;

(চ) সংগঠনের জন্য আবশ্যিকভাবে স্থায়ী অফিস প্রতিষ্ঠা করতে হবে;

(ছ) নিবন্ধনের পর ০১ (এক) মাসের কম নয় বা ০৩ (তিন) মাসের অধিক নয় এ সময়ের মধ্যে সংগঠনের প্রথম সাধারণ সভা আহ্বান করতে হবে এবং ০৬ (ছয়) মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করতে হবে;

(জ) সংগঠনটি সরকার এবং জনস্বার্থের পরিপন্থী কার্যক্রম বা রাষ্ট্র বিরোধী কোন তৎপরতায় লিপ্ত হবে না;

(ঝ) বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারার কোন বিধান এবং উপরে বর্ণিত ও সংঘস্মারক ও সংঘবিধিতে উল্লিখিত শর্তাবলীর কোনরূপ বরখেলাপ বা লঙ্ঘন করা হলে এ সংগঠনকে প্রদত্ত লাইসেন্স বা নিবন্ধিকরণের কোন কার্যকারিতা বহাল থাকবে না এবং আইনের দৃষ্টিতে এই লাইসেন্স বাতিল বলে গণ্য হবে।

এ লাইসেন্স দু'হাজার ছাব্বিশ সনের মে মাসের ১২ (বারো) তারিখে আমার স্বাক্ষরে প্রদত্ত হলো।

১২/০৫/২৬

(মোহাম্মদ বদরুল হক)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাণিজ্য সংগঠন অনুবিভাগ

CamScanner